

Upload

28/6/28

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.২১.০০০০.০১১.২৬.০০১.২০২৩.৩০৯

তারিখঃ ২৯-০৭-২০২৪

অফিস আদেশ

বিষয়ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এর গাড়ী বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বারি, মাগুরা কেন্দ্রের গাজীপুর-ঘ-০২-০১১৬ নং জীপ গাড়ীটি পরিবহন শাখা, বারি, গাজীপুরে ন্যাস্তকরণ এবং পরিবহন শাখা, বারি, গাজীপুর এর গাজীপুর-ঠ-১১-০০০৪ নং পিকআপ গাড়ীটি আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বারি, মাগুরা এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে বরাদ্দ প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- ক) শুধুমাত্র উক্ত কেন্দ্রের পূর্ব অনুমোদিত জেলা সমূহের যে কোন জায়গায় সরকারি কাজে উক্ত গাড়ী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবহার করবেন। অন্যান্য জেলায় গাড়ী ব্যবহারের ক্ষেত্রে অধিযাচনপত্র মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন নিতে হবে।
 - খ) বরাদ্দকৃত গাড়ীর তৈল-জ্বালানী ও রক্ষণাবেক্ষণ খরচ উক্ত কেন্দ্র কর্তৃক সম্পাদিত হবে।
 - গ) বরাদ্দকৃত গাড়ী দ্বারা উক্ত কেন্দ্রের যাবতীয় কাজ সম্পন্ন করবেন।
 - ঘ) উক্ত গাড়ীর লগবই পরিবহন শাখা হতে সংগ্রহ করবেন।
 - ঙ) এই বরাদ্দ সাময়িক হিসাবে গণ্য হবে। ভবিষ্যতে প্রয়োজন হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ আদেশ বাতিল বা গাড়ী পরিবর্তন করতে পারবেন।
 - চ) উল্লেখিত গাড়ীর ব্লু-বুক ও প্রয়োজনীয় কাগজপত্র পরিবহন কর্মকর্তা, পরিবহন শাখা, বারি, গাজীপুর-এর নিকট হতে গ্রহণ করতে হবে।
- ২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোন : ৪৯২৭০০১০/৫৩০৬

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র
বারি, মাগুরা।

স্মারক নং-১২.২১.০০০০.০১১.২৬.০০১.২০২৩.৩০৯

তারিখঃ ২৯-০৭-২০২৪

অনুলিপিঃ

- ১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বারি, মাগুরা-কে উক্ত গাড়ীদ্বয় পরিবহন কর্মকর্তার নিকট জমা ও গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো;
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৫। বিভাগীয় প্রধান, মেশিনারি মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, গাজীপুর
- ৬। পরিবহন কর্মকর্তা, পরিবহন শাখা, বারি, গাজীপুর
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৮। মাস্টার ফাইল
- ৯। সংশ্লিষ্ট নথি।

28

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোন : ৪৯২৭০০১০/৫৩০৬